শেখ হাসিনার উদ্যোগ

# খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

## ঠিকরাবন্দ,খুলনা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শুন্য পদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম ও পদ সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) ০২ (দুই) টি | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০/- হতে ৩২,৭৪০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় নূন্যতম দ্বিতীয় বিভাগ অথবা সিজিপিএ নূন্যতম ২.২৫ (৪.০০ এর মধ্যে) অথবা সিজিপিএ ন্যূনতম ২.৫০ ( ৫.০০ এর মধ্যে) অথবা সমতূল্য থাকতে হবে।<br>খ) ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।<br>গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। নথিকরন, যোগাযোগ ও তথ্য সংরক্ষন সম্পর্কে সঠিক জ্ঞান থাকতে হবে।<br>ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।<br>চ) সুন্দর ও মনোরমভাবে কাজ করার ক্ষমতা থাকতে হবে।<br>(ছ) যথাযথভাবে ফাইলিং, উপস্থাপন, তথ্য সংগ্রহ ও সংরক্ষণের পযাপ্ত জ্ঞান থাকতে হবে। |
| ০২ | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে) ০১ (এক) টি | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০/- হতে ৩২,৭৪০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় নূন্যতম দ্বিতীয় বিভাগ অথবা সিজিপিএ নূন্যতম ২.২৫ (৪.০০ এর মধ্যে) অথবা সিজিপিএ নূন্যতম ২.৫০ (৫.০০ এর মধ্যে) অথবা সমতুল্য থাকতে হবে<br>খ) কম্পিউটার ও অফিশিয়াল যন্ত্রাংশ সমূহ পরিচালনার অভিজ্ঞতাসহ গনিতে পারদর্শী হতে হবে।<br>গ) প্রার্থীকে বাংলা প্রতি মিনিটে নুন্যতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে নূন্যতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঘ) প্রার্থীর নূন্যতম গ্রহণযোগ্য পারিবারিক স্বচ্ছলতা ও উত্তম পারিবারিক ঐতিহ্য থাকতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা ও ঐতিহ্য সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।<br>ঙ) গ্রাহকের সাথে বিনয়ী ও প্রফুল্ল আচার আচরন প্রকাশের ক্ষমতা থাকতে হবে।<br>চ) নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকুলে ১০,০০০/= (দশ হাজার) টাকা সমিতির ক্যাশ শাখায় নিরাপত্তা জামানত জমা দিতে হবে। যা সন্তোষজনক চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরৎ প্রদান করা হবে। |
| ০৩ | অফিস সহায়ক ০২ (দুই) টি | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০/- হতে ২৭,৮৫০/-টাকা এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | (ক) কমপক্ষে এস এসসি অথবা সমমান পাশ হতে হবে।<br>(খ) প্রার্থীকে অবশ্যই সৎ বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>(গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>(ঘ) প্রার্থীকে বাই- সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। |

**শর্তাবলী:-**

০১। আবেদনকারীকে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি-এর ওয়েব সাইট ( www.pbs.khulna.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম ( ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১) A4 সাইজে কাগজ ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরন করে আগামী ৩০-১২-২০১৯খ্রি: তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ঠিকরাবন্দ, খুলনা-এ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

০২। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে) , বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব স্যালারী পাটার্ণ এর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা যেতে পারে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে সাথে সাথে চাকুরীচ্যুত করা হবে। প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমানাদি আবেদন পত্রের সাথে সংযুক্ত সাপেক্ষে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানের ক্ষেত্রে বয়স সীমা সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য ।

০৩। বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট) ও প্রশংসাপত্র পত্র গ্রহণযোগ্য নয় ), জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (০১ কপি ছবি আবেদন ফরমের নিধারিত স্থানে ও ০১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ কপি ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে)। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভা মেয়র/ সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদ ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (প্রথম শ্রেণীর গেজেটেড) কর্মকর্তার নাম সম্বলিত সীল দ্বারা সকল কাগজ ও ছবি সত্যায়িত হতে হবে) এবং খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০/- (এক শত) টাকার পে- অর্ডার/ ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোষ্টাল অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথভাবে পালন করতে হবে। সে ক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ সিটি কর্পোরেশন / জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। অন্য কোন সংস্থা হতে অপসারিত/ বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই ।

০৬। প্রতারনামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। সরকারী/ আধাসরকারী / স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। অত্র পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

শেখ হাসিনার উদ্যোগ

১০। জেলা কোটার প্রাপ্যতার ভিত্তিতে শুধুমাত্র ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, শরিয়তপুর, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, ময়মনসিংহ, টাংগাইল, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, বগুড়া, জয়পুরহাট, দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, সিরাজগঞ্জ, রাজশাহী, নওগাঁ, নবাবগঞ্জ, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, কুষ্টিয়া, ভোলা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন । এছাড়া উল্লেখিত জেলা ব্যতীত অন্যান্য জেলার প্রার্থীগনের আবেদন করার প্রয়োজন নাই।

১১। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীগনের আবেদন বিবেচনা করা হবে না । পদ সংখ্যা কম বা বেশি হতে পারে।

১২। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস বা সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে ।

১৪ । অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

14.12.19

(প্রকৌঃ মোঃ আলতাফ হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার